# প্রেস বিজ্ঞপ্তি
## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৪৩টি প্রতিষ্ঠানকে ৪.৩২ লক্ষ টাকা জরিমানা

**২১ জুন ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, রংপুর, রাজবাড়ী, পটুয়াখালী, ভোলা, কুমিল্লা, কুড়িগ্রাম, মৌলভীবাজার ও ময়মনসিংহে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর খিলগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে পলাশ ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরীকে **২৫,০০০/- (পচিশ হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে চমক সুইটস এন্ড বেকারীকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে মুক্তা বিরিয়ানি হাউজকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর বাড্ডা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সাদিয়া হোটেলকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা এবং অভিযোগের ভিত্তিতে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Fusion Cafe ও Foods Diner কে **৪,০০০/- (চার হাজার)** টাকা করে **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ মোট **৪৮,০০০/- (আটচল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে **২,০০০/- (দুই হাজার)** টাকা প্রদান করা হয়।

এছাড়াও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় পরিমাপে কারচুপির অপরাধে জান্নাত গোস্ত বিপনী ও সততা গোস্ত বিতানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা করে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ঘরোয়া রেস্টুরেন্ট ও প্রিন্স রেস্তোরাকে যথাক্রমে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা ও **২৫,০০০/- (পচিশ হাজার)** টাকাসহ মোট **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উপ পরিচালক জুবায়ের আহমেদের নেতৃত্বে চট্টগ্রামের কোতয়ালী থানায় **৬টি** প্রতিষ্ঠানকে **১,৫৬,০০০/- (এক লক্ষ ছাপ্পান্ন হাজার)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর গলাচিপা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,৫০০/- (নয় হাজার পাঁচশত)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হোসেনের নেতৃত্বে ভোলার লালমোহন উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১০,৫০০/- (দশ হাজার পাঁচশত)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রাম সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৩২,০০০/- (বত্রিশ হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা ও অভিযোগের ভিত্তিতে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে সিঙ্গার বাংলাদেশ লিমিটেডকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয় এবং ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৩৪,০০০/- (চৌত্রিশ হাজার)** টাকাসহ মোট **২,৭৯,০০০/- (দুই লক্ষ উনআশি হাজার)** টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১২টি** বাজার তদারকিতে **৪৩টি** প্রতিষ্ঠানকে মোট **৪,৩২,০০০/- (চার লক্ষ বত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৩ জন অভিযোগকারীদেরকে মং **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, ক্যাব, স্যানেটারী ইন্সপেক্টর এবং শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, রংপুর, রাজবাড়ী, পটুয়াখালী, ভোলা, কুমিল্লা, কুড়িগ্রাম, মৌলভীবাজার ও ময়মনসিংহ।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, রংপুর, রাজবাড়ী, পটুয়াখালী, ভোলা, কুমিল্লা, কুড়িগ্রাম, মৌলভীবাজার ও ময়মনসিংহ।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।